



...
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
এনজিও বিষয়ক শাখা



জুন, ২০২১ মাসে অনুষ্ঠিত এনজিও কার্যক্রম পরিবীক্ষণ ও সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	এম কাজী এমদাদুল ইসলাম জেলা প্রশাসক
সভার তারিখ	২০ জুন, ২০২০
সভার সময়	বিকাল ৪:০০ টা
স্থান	Zoom application এর মাধ্যমে ভার্চুয়ালি সংযুক্ত
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'


করোনা পরিস্থিতিতে Zoom Application এর মাধ্যমে ভার্চুয়ালি এই সভা অনুষ্ঠিত হয়। উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কার্যবিবরণীতে কোনরূপ পরিবর্তন বা সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভায় উপস্থিত থেকে সকল এনজিও তাদের স্ব স্ব কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন।

বিস্তারিত আলোচনা ও পর্যালোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নম্বর	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	মুজিববর্ষ উদযাপন ও কোভিড-১৯ পরিস্থিতিতে জেলাধীন সকল এনজিও কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রমের বিস্তারিত প্রমাণকসহ বিবরণ আগামি ১০ (দশ) দিনের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল এনজিও
২	উপজেলায় এনজিওসমূহের কার্যক্রম নিয়মিত মনিটরিং ও সমন্বয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। করোনা পরিস্থিতি বিবেচনায় রেখে সকল এনজিও'র অংশগ্রহণে উপজেলা এনজিও কার্যক্রম পরিবীক্ষণ ও সমন্বয় কমিটির সভা নিয়মিত আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট
৩	সরকার কর্তৃক গৃহীত যে কোন উন্নয়ন কার্যক্রমের সাথে অধিক্রমণ রোধকল্পে উপজেলাসমূহে যে কোন প্রকল্প শুরুর আগে স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করতে হবে। এছাড়া অপেক্ষাকৃত দুর্গম এলাকাতে জনজীবনের জীবনমান উন্নয়নে গৃহীত প্রকল্পের পরিধি বিস্তার ঘটাতে হবে।	সকল এনজিও
৪	এনজিও কর্মীদের মাঠ পর্যায়ে কাজ করার সময় স্বাস্থ্যবিধি কঠোরভাবে মেনে চলতে হবে। নিরাপদ সামাজিক দূরত্ব নিশ্চিত করতে হবে। পাশাপাশি কোভিড-১৯ সংক্রমণের সম্ভাবনা রোধকল্পে মাস্ক পরিধান ও স্বাস্থ্যবিধি প্রতিপালন নিশ্চিতকরণের লক্ষ্যে ব্যাপক প্রচার প্রচারণা চালাতে হবে।	সকল এনজিও
৫	উন্নত বিশ্বের সাথে তাল মিলিয়ে অগ্রগতি আনয়নের জন্য শিক্ষা, স্যানিটেশন ও অন্যান্য উপযুক্ত বিষয়ভিত্তিক প্রকল্প গ্রহণ করতে হবে।	সকল এনজিও
৬	কোভিড-১৯ এর বর্তমান উদ্ভূত পরিস্থিতিতে প্রান্তিক জনগোষ্ঠীর জনগণের নিকট হতে ঋণের কিস্তি আদায় করার ক্ষেত্রে যুক্তিসংগত আচরণ করতে হবে।	সকল এনজিও
৭	ক) যে সকল এনজিও এখন পর্যন্ত এনজিও পোর্টাল, সিলেট এ অন্তর্ভুক্ত হননি তাদের অতি দ্রুত এনজিও পোর্টালে অন্তর্ভুক্ত হতে হবে। খ) যে সকল এনজিও সমূহের তথ্য হালনাগাদ করা হয় নি, তাদেরকে আগামী এনজিও সভার পূর্বে স্ব স্ব তথ্যসমূহ হালনাগাদ করতে হবে।	সকল এনজিও

৮	উপস্থিতি নিশ্চিত করার জন্য কার্যবিবরণীর সাথে সভার নোটিশ প্রদান করতে হবে। প্রত্যেক এনজিও'র উপযুক্ত প্রতিনিধি সভায় উপস্থিত/সংযুক্ত হতে হবে।	সহকারী কমিশনার, এনজিও শাখা এবং সকল এনজিও
---	--	--

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় কোভিড-১৯ এর বর্তমান পরিস্থিতিতে সবার সুস্থতা ও দীর্ঘায়ু কামনা এবং উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



এম কাজী এমদাদুল ইসলাম
জেলা প্রশাসক


স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০৩১.০৬.০০১.১৯.৫৩

তারিখ: ১২ আষাঢ়. ১৪২৮

২৬ জুন ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো
- ২) বিভাগীয় কমিশনার, সিলেট
- ৩) উপমহাব্যবস্থাপক, গৃহায়ণ তহবিল (ফান্ড ম্যানেজমেন্ট ইউনিট), বাংলাদেশ ব্যাংক
- ৪) পুলিশ সুপার, সিলেট
- ৫) সিভিল সার্জন, সিলেট
- ৬) উপপরিচালক, স্থানীয় সরকার, সিলেট
- ৭) চেয়ারম্যান উপজেলা পরিষদ (সকল), সিলেট
- ৮) উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট
- ৯) নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট
- ১০) নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সিলেট
- ১১) উপপরিচালক, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, সিলেট
- ১২) উপপরিচালক, সিলেট
- ১৩) জেলা শিক্ষা কর্মকর্তা, সিলেট
- ১৪) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, সিলেট
- ১৫) চেয়ারম্যান, জেলা মহিলা সংস্থা, সিলেট
- ১৬) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিলেট (কার্যবিবরণী এনজিও পোর্টালে আপলোড করার অনুরোধসহ)
- ১৭) গোপনীয় সহকারী (অফিস), জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
- ১৮) জনাব....., সিলেট (সকল এনজিও)



এম কাজী এমদাদুল ইসলাম
জেলা প্রশাসক